

মোহনপুর ইউনিয়ন পরিষদ
উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের মার্চ /২০১৯ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ১৮-০৩-২০১৯ খ্রিঃ রোজ : সোমবার সময় : সাকল ১০.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগণের নাম :

ক্র: নং	উপস্থিত সদস্যগণের নাম	পদবী	ওয়ার্ড নং	স্বাক্ষর
০১	জনাব মো: নুরুল হক	চেয়ারম্যান	১-৯	স্বাক্ষরিত
০২	বেগম সন্ধ্যা রাণী দেব	সংরক্ষিতমহিলা	১.২.৩	স্বাক্ষরিত
০৩	বেগম স্বপ্না বেগম	সংরক্ষিত মহিলা	৪.৫.৬	স্বাক্ষরিত
০৪	বেগম মোছা: আছিয়া খাতুন	সংরক্ষিত মহিলা	৭.৮.৯	স্বাক্ষরিত
০৫	জনাব মো: তৈয়বুর রহমান	সাধারণ সদস্য	১নং	স্বাক্ষরিত
০৬	জনাব মামুন রশিদ সেলিম	সাধারণ সদস্য	৩নং	স্বাক্ষরিত
০৭	জনাব মো: শামছুন নূর	সাধারণ সদস্য	৪নং	স্বাক্ষরিত
০৮	জনাব মো: রইছ মিয়া	সাধারণ সদস্য	৫নং	স্বাক্ষরিত
১০	জনাব মো: নুরুল ইসলাম	সাধারণ সদস্য	৭ নং	স্বাক্ষরিত
১১	জনাব মো: আব্দুস ছোবান	সাধারণ সদস্য	৮নং	স্বাক্ষরিত
১২	জনাব মো: আজিম উদ্দিন	সাধারণ সদস্য	৯নং	স্বাক্ষরিত

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ইউনিয়ন পরিষদের বিভিন্ন প্রতিষ্ঠানে জাতীয় পতাকা ও স্ট্যান্ড বিতরণ।

৩। ২০১৯ সালের প্রথম ওয়ার্ডসভা অনুষ্ঠান প্রসঙ্গে।

৪। বিবিধ।

ক্র: নং	বিবরণ	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১	অধ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শূভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়।	বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	
২	সভাপতি সভাকে জানান যে, আগামী ২৪ মার্চ ২০১৯ তারিখ রোজ রবিবার বিকাল ৩.০০ ঘটিকায় উপজেলা পরিষদ হলরুম হতে মানসম্মত জাতীয় পতাকা ও স্ট্যান্ড বিতরণ করা হবে। অত্র ইউনিয়নের যেসকল প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা ও কমিউনিটি ক্লিনিকে জাতীয় পতাকা ও স্ট্যান্ড নাই সেসকল প্রতিষ্ঠানে অত্র পরিষদের নিজস্ব তহবিল হতে এগুলো বিতরণ করা হবে। সভায় চাহিদা নিরূপণ করা হয়। অত্র ইউনিয়নের বিভিন্ন প্রতিষ্ঠানে ১৪ টি স্ট্যান্ড ও ২৬ টি জাতীয় পতাকা বিতরণের চাহিদা নিরূপণ করে বণ্টনের জন্য এবং ইউনিয়ন পরিষদের নিজস্ব তহবিল হতে প্রায় ৪০০০০/- চল্লিশ হাজার টাকা বা	ইউ/পি'র নিজস্ব অর্থায়নে ২৬ টি জাতীয় পতাকা ১৪ টি স্ট্যান্ড বিতরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা নির্বাহী অফিসার সদর, সুনামগঞ্জ ও জনাবা, স্বপ্না বেগম ইউ/পি সদস্য, মোহনপুর ইউ/পি।

	কিছু কমবেশী বরাদ্দ দিয়ে উক্ত কর্মসূচী ইউ/পি সদস্য জনাবা স্বপ্না বেগমের মাধ্যমে বাস্তবায়নের পক্ষে সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।		
৩	সভাপতি বলেন প্রতি বছরই মার্চ-এপ্রিল মাসে ইউনিয়নের ০৯ টি ওয়ার্ডে নির্ধারিত পদ্ধতিতে ওয়ার্ডসভা করা এবং জনগণের মতামতের ভিত্তিতে বাজেটসভা করার বিধান রয়েছে। এ বিষয়ে স্ব স্ব ওয়ার্ডে ওয়ার্ডসভা করার উদ্যোগ গ্রহণ করার জন্য সকলকে অনুরোধ জানানো হয়। ইউ/পি কর্তৃক নোটিশ প্রদানের ভিত্তিতে এ বিষয়ে জনসাধারণকে অবহিত করার জন্য সকলকে অনুরোধ করা হয়।		
৪	বিবিধ আলোচনায় সভাপতি বলেন-ফেব্রুয়ারী/২০১৯ মাসে মোট ট্যাক্স ২০৫৪৭/- টাকা ও ট্রেড লাইসেন্স বাবদ মোট ২০৪৫/- টাকাসহ সর্বমোট ২২৫৯২/-টাকা আদায় হয়েছে এবং অফিস পরিচালনায় স্টেশনারী সামগ্রী ক্রয়, আনুষঙ্গিক ও আপ্যায়নে মোট ৫৩৪৯/= টাকা ব্যয় করা হয়েছে। আলোচনাক্রমে তা সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদিত হয়।	চলতি মাসের আয় ওব্যয় সর্বসম্মতিতে গৃহীতও অনুমোদিত হয়।	

অতঃপর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।

স্মারক নং: /১৯

তারিখঃ ২৮/০৩/২০১৯ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)

চেয়ারম্যান

মোহনপুর ইউনিয়ন পরিষদ

সুনামগঞ্জ সদর।